



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

ফোন : ০২৪৭-৮৩০৫০১

ওয়েব : www.rakub.org.bd

ই-মেইল: dgmhrd@rakub.org.bd

রাকুব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।  
সহজ শর্তে কৃষি ঋণ, বললে যাবে সবার দিন।

সার্কুলার লেটার নং-প্রকা/মাসউবি-০৬/২০১৮

তারিখ : ১৯ আগস্ট ২০১৮

বিষয়: ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের বর্ধিত হারে প্রদানকৃত বকেয়া উৎসব ভাতা আদায়/সমন্বয় প্রসংগে।

রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহীর মানব সম্পদ উন্নয়ন বিভাগের ০৪.০৭.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং প্রকা/মাসউবি-০৩/২০১৭ মারফত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ০১.০৭.২০০৪ তারিখ হতে বকেয়া উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত জারী করা হয়।

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ৩০.০৮.২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-৯০ পত্র মারফত নির্দেশনা দেয়া হয় যে, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী অর্থ বিভাগের ০৮.০৭.২০০৪ তারিখের অম/অবি/বিধি-১/চা:বি:৩/২০০৪/১০২ নম্বর পরিপত্র ও ২৪.০৬.২০০৮ তারিখের অম/অবি/বিধি-১/চা:বি:৩/২০০৪/৯৯ নম্বর পরিপত্র অনুসরণে ০১.০৭.২০০৪ তারিখ হতে উৎসব ভাতা প্রাপ্য হবেন। কিন্তু বর্ধিত হারে বকেয়া উৎসব ভাতা প্রাপ্য হবেন না।

০৩। অর্থ মন্ত্রণালয়ের ৩০.০৮.২০১৭ তারিখের উল্লেখিত নির্দেশনার প্রেক্ষিতে গত ১৭-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৬৩তম সভায় একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হয়। পর্ষদ কর্তৃক এতদবিষয়ে মানব সম্পদ উন্নয়ন বিভাগের ০৪.০৭.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং প্রকা/মাসউবি-০৩/২০১৭ মোতাবেক বর্ধিত হারে বকেয়া উৎসব ভাতা বাবদ প্রদত্ত অর্থ সংশ্লিষ্ট ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। রাকাব, পরিচালনা পর্ষদের ৪৬৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ধিত হারে বকেয়া উৎসব ভাতা উত্তোলনকারী রাকাবের ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের চিকিৎসা ভাতা, বোনাস ও বৈশাখী ভাতা হতে ৫০% হারে কর্তন করে বর্ধিত বকেয়া উৎসব ভাতা আদায়/সমন্বয়ের জন্য অত্র বিভাগের ১৬ নভেম্বর ২০১৭ তারিখের সার্কুলার লেটার নং-প্রকা/মাসউবি-০৫/২০১৭ এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।


০৫। উপরোক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীরা মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯৩৭৮-২০১৮ দাখিল করেন। রিট পিটিশনের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ আইনজীবীর নিকট প্রেরণ করা হলে তিনি নিম্নরূপ মতামত প্রদান করেন-

“মহামান্য হাইকোর্ট মানব সম্পদ উন্নয়ন বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/মাসউবি-০৫/২০১৭, তারিখ ১৬ নভেম্বর ২০১৭ এর কার্যকারিতা ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করে রুল জারী করেন। ফলে উক্ত আদেশের ভিত্তিতে ১৬/১১/২০১৭ তারিখের অফিস আদেশ কার্যকর করা যাবে না। উক্ত ৬ (ছয়) মাস মধ্যে বা পরে উক্ত আদেশ বর্ধিত বা Vacate না হওয়া পর্যন্ত ১৬/১১/২০১৭ তারিখের অফিস আদেশের কার্যকারিতা বন্ধ রাখতে হবে।”

০৬। এমতাবস্থায় মানব সম্পদ উন্নয়ন বিভাগের ১৬ নভেম্বর ২০১৭ তারিখের সার্কুলার লেটার নং-প্রকা/মাসউবি-০৫/২০১৭ মোতাবেক বর্ধিত হারে বকেয়া উৎসব ভাতা উত্তোলনকারী রাকাবের ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের চিকিৎসা ভাতা, বোনাস ও বৈশাখী ভাতা হতে ৫০% হারে কর্তন করে বর্ধিত বকেয়া উৎসব ভাতা আদায়/সমন্বয়ের কার্যকারিতা উল্লেখিত রিট পিটিশন নং-৯৩৭৮-২০১৮-এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক এখন থেকে পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য স্থগিত থাকবে।

০৭। মহামান্য হাইকোর্টের উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে -

  
১৯.০৮.২০১৮  
(তৌহিদা খাতুন)


উপ-মহাব্যবস্থাপক

প্রকা/মাসউবি-০৬/২০১৮-২০১৯/২১০

তারিখ : ১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ বিভাগীয় প্রধান, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী / রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি / মহানথি।

  
১৯.০৮.১৮  
(মাহমুদা বিনহক)

সহকারী মহাব্যবস্থাপক